REG. NO. C. 858

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৹ টাকা। নগদ মূল্য ৴১৹ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৹ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵৹ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶৹ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১৹ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴৹ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## মহাবল হালুয়া



অশ্বগন্ধা, শতমূলী, তালমূলী ভুঁইকুমড়া, আলকুশী, সালেমমিশ্রী প্রভৃতি শ্রেষ্ঠ পুষ্টিকর ও সর্ব্বধাতুপোষক উপাদান দ্বারা প্রস্তুত—স্নায়বিক দৌর্ব্বল্য, ধাতু-দৌর্ব্বল্য, ওজঃক্ষয় স্মৃতিশক্তিহীনতা, বীর্য্যতারল্য প্রভৃতি রোগের বল, বীর্য্য, মেধা ও প্রাণবিবর্দ্ধক মহৌষধ শিক্ষক ছাত্র ও মস্তিষ্ক-চালনাকারিদিগের পরম সুহৃদ্। ২০ দিন সেবনোপযোগী আধ পোয়ার মূল্য ১৲ ডাকমাশুল স্বতন্ত্র।

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায় বি, এ।
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৪শে মাঘ বুধবার ১৩৩৫ ইংরাজী 6th February 1929. | ৩৩শ সংখ্যা।

# হিলিংবাম

গত ৩৪ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৸৹
" " ছোট শিশি ১৮৹

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি যক্ দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সন্ধি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে
## কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন
সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন
মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন
চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন
কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন
চিন্তাশীলের সহায়।


কে-শ-র-ঞ্জ-ন
রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন
শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন
সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র

ডাক ব্যয় স্বতন্ত্র।

**কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ**
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রাশত্তিপদ সেন।

## কৃষিকার্য্যে অর্থাগম সুনিশ্চিত।

জগদ্বিখ্যাত ইণ্টারন্যাশন্যাল হারভেষ্টার কোম্পানীর সরঞ্জাম এবং যন্ত্রাদি সাহায্যে চাষ এবং আবাদে যথেষ্ট অর্থাগম হইয়া থাকে।

সকল প্রকার চাষ এবং আবাদের উপযোগী যাবতীয় সরঞ্জাম এবং যন্ত্রাদি যথা লাঙ্গল, মটোর ট্রাকটর, কেরোসিন এঞ্জিন, আখমাড়া কল প্রভৃতির বিবরণ পুস্তকের জন্য আবেদন করুন।

**র‍্যামেকার্স এণ্ড কোং**

( ভারতের উত্তর-পূর্ব্ব অঞ্চলের এজেণ্ট। )

৭নং ওল্ড কোর্ট হাউস ষ্ট্রীট,

পোষ্ট বক্স ৫০৭, কলিকাতা।

ভারতের একমাত্র সরবরাহকারক—

ভলকার্ট ব্রাদার্স।

( বোম্বাই, মাদ্রাজ, কলিকাতা, কলম্বো। )



## আতঙ্ক মার্কা কাঁচা তিল তৈল

REGD No. 1320

মস্তিষ্কের পুষ্টি ও কেশের কান্তি এবং সৌন্দর্য্য বর্দ্ধনে অদ্বিতীয়।

প্রতি পাইণ্ট—৸৶০ আনা মাত্র। পাইকারী দর স্বতন্ত্র। বিক্রীর জন্য সর্ব্বত্র এজেণ্ট চাই। পত্র লিখিলে বিনামূল্যে নমুনা পাঠান হয়।

বায়ু ও কেশের উপকারী "শ্রী শ্রীর" ব্রাণ্ড সুবাসিত নারিকেল ও বাদাম তৈল ব্যবহার করিয়া দেখুন।

দে ব্রাদার্স

১২৪নং শোভাবাজার ষ্ট্রীট, কলিকাতা।



সুবর্ণ সুযোগ।

**MEMORY TABLET**

বা

## স্মৃতি বটী।

স্নায়বিক দৌর্ব্বল্য, স্মৃতিশক্তিহীনতা, অসাড়ে শুক্র পতন প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়। একমাত্রা সেবনে স্বপ্নদোষ বন্ধ হয়। দশ দিনের সেবনোপযোগী এক কৌটার মূল্য মাশুল সমেত ১৷০ পাঁচ সিকা।

ডেজেণ্টস্ঃ—

এন্, গাঙ্গুলী এণ্ড কোং

পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কস্‌এর

## চাঁদ মার্কা পাচন

ম্যালেরিয়া এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।

নূতন জ্বর এক দিনে পুরাতন জ্বর তিন দিনে আরোগ্য হয়।

ম্যালেরিয়াযুক্ত স্থানে নিয়মিত সেবনে রোগের আক্রমণ ভয় থাকে না।

সর্ব্বত্র এজেণ্ট আছে।

সোল এজেণ্টস—

**বসাক ফ্যাক্টরী**

৩ নং ব্রজদুলাল ষ্ট্রীট

কলিকাতা



"আজি আসিয়াছ ভুবন ভরিয়া
গগনে ছড়ায়ে এলোচুল"





রেড ক্রশ

ক্যাষ্টর অয়েল

NATURE'S OWN HAIR GROWER

সর্ব্বত্র পাওয়া যায়।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ।

২৪শে মাঘ বুধবার ১৩৩৫ সাল।

## দেশের অবস্থা।

—:০:—

কবি বলিয়াছেন—

দুর্গম গিরি কান্তার মরু, দুস্তর পারাবার,
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুসিয়ার!

দেশবাসী আজ মুক্তি চায়, স্বাধীনতা চায় কিন্তু দেশের চারিদিকে আজ যে দুস্তর সাগর বাহু বিস্তার করিয়া রহিয়াছে, যে দুর্গম গিরি কান্তার দেশের মুক্তিপথ যাত্রীর পথ আগুলিয়া দণ্ডায়মান রহিয়াছে—দেশবাসী কেমন করিয়া এই সাগর পাড়ী দিবে, কেমন করিয়া ঐ গিরিকান্তার উল্লঙ্ঘন করিবে?

স্বাধীনতার পথ কোন কালেই কুসুমাবৃত নয়। সে পথ চিরকালই অতি পিছিল কণ্টক কঙ্করময়। যে মুক্তির জন্য পাগল হইয়াছে, যাহার অন্তরে বাহিরে মুক্ত স্বাধীন হইবার ঐকান্তিক আগ্রহ পুঞ্জীভূত হইয়া উঠিয়াছে সে ঐ বাধা বিপত্তি, বিঘ্ন বিপর্য্যয়কে হাস্য মুখেই উপেক্ষা করিয়া প্রচণ্ড শক্তিবলে আপনার গন্তব্য পথে চলিয়া যায়।

আজ দেখিতে হইবে যাহারা মুক্তি মুক্তি করিয়া দেশের বুকে নাচিয়া বেড়াইতেছে, যাহারা স্বাধীনতার জয়ঢাক পিঠে লইয়া দেশবাসীকে মুক্তি-সংগ্রামে উদ্বুদ্ধ করিয়া তুলিবার চেষ্টায় ব্যাপৃত রহিয়াছে তাহাদের অন্তরে সত্য সত্যই মুক্তির প্রেরণা, বন্ধন রজ্জু ছিন্ন করিয়া ফেলিবার দুর্দ্দমনীয় আকাঙ্ক্ষা জাগিয়া উঠিয়াছে কিনা।

মিথ্যা আড়ম্বর, মিথ্যা বহ্বাস্ফ‌ুট করিয়া লোক ভুলাইবার দিন এককালে ছিল বটে কিন্তু আজ আর সেদিন নাই। আজ মানুষের অন্তশ্চক্ষু খুলিয়া গিয়াছে, মানুষ মানুষকে আজ অতি সহজেই চিনিতে এবং বুঝিয়া ফেলিতে পারে। কাহার ভিতরে কতটুকু সত্য আন্তরিকতা আছে আর কাহার ভিতরে শুধু স্বার্থসিদ্ধির প্রচেষ্টা লুক্কাইত আছে—কে ফাঁকি দিয়া আত্ম স্বার্থ উদ্ধার করিয়া লইতে গিয়া দেশের সর্ব্বনাশ সাধন করিতেও পরাঙ্মুখ হয় না, বহু অভিজ্ঞতার ফলে দেশবাসী আজ সেই সকল বর্ণচোর, সিংহচর্ম্মাবৃত মেষের দলকে অনায়াসেই চিনিয়া ফেলিতে শিক্ষা করিয়াছে।

চালাকী দ্বারা কোন মহৎ কাজ সাধিত হয় না। আজ শুধু চালাকী করিয়াই কি এদেশে স্বাধীনতার বিজয় পতাকা উড্ডীন করা সম্ভবপর হইবে? যাঁহারা নেতা, যাঁহারা কর্ম্মী, যাঁহারা প্যাট্রিয়ট বলিয়া দেশবাসীর দৃষ্টি আকর্ষণ করিয়া, দেশের জনসমষ্টির বিশ্বাস ও শ্রদ্ধা কুড়াইয়া বেড়াইতেছেন তাঁহাদের আজ আমরা জিজ্ঞাসা করিতে চাই—তাঁহাদের আদর্শ কি? দেশকে স্বাধীন করিবার প্রকৃষ্ট পথ কি? শক্তি কোথায়? সেই পথ নির্দ্দেশ আজ কে করিয়া দিবে? শক্তি-কেন্দ্রের সন্ধান আজ কে আনিয়া দিবে?

দেশের অগণিত শিক্ষিত যুবক সম্প্রদায় আজ কর্ম্মোন্মুখ হইয়া বসিয়া রহিয়াছে কিন্তু তাহাদের ডাক দিয়া পথে বাহির করিবার লোক নাই। সবাই কেবল 'মুখেন মারিতং জগৎ'। চায়ের টেবিলে বসিয়া উজীর নাজীর বধ করিতে সবাই ওস্তাদ। প্রাণের ভিতরে কি কাহারো প্রেরণা আছে দেশের প্রতি ঐকান্তিক দরদে কাহারো বুকের পাঁজর কি ভাঙ্গিয়া চৌচির হইয়া যাইবার উপক্রম হইয়াছে? যেথানে যাও, যেথানে দাঁড়াও সেথানেই দেখিবে কেবল দলাদলি, রেষারেষি এবং সাম্প্রদায়িক লড়াই ফল্গুধারার মত অবিরত চলিয়াছেই।

দেশপ্রীতির চতুঃসীমানার ভিতর স্বার্থের গন্ধ কিম্বা সাম্প্রদায়িকতার বিষাক্ত বাষ্প প্রবেশ করিতে পারেনা। কিন্তু আজ আমাদের দেশের আনাচেকানাচে দূষিত বাষ্প জমাট বাঁধিয়া কি সামাজিক, কি রাষ্ট্রনীতিক, কি ধর্ম্মনীতিক সর্ব্ব বিষয়ে দেশটাকে শুধু পঙ্গু করিয়া রাখে নাই, পরন্তু পেছনের দিকে টানিয়া জাহান্নমের দিকেই ঠেলিয়া লইয়া যাইতেছে। এ সকল কি দেশের নেতাদের চোখে পড়ে না? যদি চোখেই পড়িবে, তবে তাহার প্রতিকার করা হয় না কেন? আর যাহা কিছু হইতেছে, তাহারই নাম যদি প্রতিকার হয় তবে এ দেশের দুর্দ্দশা যে কবে দূর হইবে তাহা স্বয়ং ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর আসিয়া ও দেশে কমিশন বসাইয়া নির্দ্ধারণ করিতে সমর্থ হইবেন কিনা সন্দেহ।

---

## উদ্বোধন।

—•—

যাঁর উদ্বোধনে হয় প্রাণের বোধন
কণ্ঠমূলে বিশুদ্ধে যাঁহার অবস্থান
সর্ব্বজীব হৃদয়স্থা চৈতন্যরূপিনী
মহাশক্তি বাক্‌শক্তি দেবী বীণাপাণি
চরণে অসংখ্য নতি করি বারবার
মনে যাহা সত্য ভাব হবে সমাচার
রসনা নির্ভয়ে যেন করে মা প্রচার
এই শক্তি দাও মাগো সন্তানে তোমার।
যেন মা লেখনী মুখে সত্যের স্ফুরণে
মিথ্যার গোলক ধাঁধা হয় তিরোধান
যেন মা দারিদ্র্য দুঃখ কঠোর তাড়নে
সত্যচ্যুত নাহি হয় তোমার সন্তান
যে দেহ শাকান্নে পুষ্ট হয় অনায়াসে
আচ্ছাদিলে চলে যারে বল্কলের বাসে
তারি তরে তোমামোদে জীবন বিক্রয়
যেন নাহি করে মাগো তোমার তনয়।
সত্যই পরম ধর্ম্ম সত্য সার বিধি
এই শিক্ষা দাও সবে দেবি নিরবধি।

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়।

---



## শ্রীশ্রীভারতীর আবাহন।

( কুমারী শ্রীনারায়ণী দেবী চৌধুরাণী। )

এস মা ভারতি! ভারতের গতি!
এস বীণাপাণি! এস মা আজ।
বিগত হর্ষ ভারতবর্ষ দেখ মা
কেমন প'রেছে সাজ॥

বরষের পরে তনয়া তোমার
দরশন চাহে এস গো মা।
হৃদয়-সরোজে সরোজ বাসিনী
দয়া ক'রে এসে বস গো মা॥

এস মা ভারতি! এস ভগবতি!
ভারতের দশা দেখ গো আজ।
কুপথে চলিয়া সন্তান তোমার
ধ'রেছে কেমন দারুণ সাজ॥

উঠিত যেখানে পূত-হুতাধূম
গগন-পবন করিত রোধ।
মুখরিত হ'ত যেথা সামগানে
অবোধ পশুরে জাগাত বোধ॥

মুগ্ধ হৃদয় বন্য পশু পাখী
মিলিত যেখানে শুনিতে গান।
হিংসা দ্বেষ রোষ ছিল না যেখানে,
জানিত সকলে সমান প্রাণ॥

সে ভারত আজি দেখ মা ভারতি!
ধ'রেছে কেমন মলিন বেশ।
দুঃখের অনলে মরি'ছে পুড়িয়া,
নাহিক হৃদয়ে সুখের লেশ॥

স্ব স্ব বেদ বিধি দিয়া বিসর্জ্জন
নিজ নিজ বশে করি'ছে কাজ।
পূত হোমানল জ্বলে না জননি!
বেদের ঝঙ্কৃত থেমেছে আজ॥

নিজের যা' কিছু দিয়া বিসর্জ্জন
তব পুত্র কন্যা সেজেছে দীন।
নিজ পায়ে নিজে কুঠার হানিয়া
হ'য়েছে সকলে শকতি হীন॥

বসন্ত পঞ্চমী এসেছে জননি!
ঝঙ্কার কাণে আসি'ছে তার।
তাই এ নীরস-নীরব কণ্ঠ,
তব আগমনী গাহিতে চায়॥

প্রাণে দাও বল, বাহুতে শকতি,
নবীন হর্ষে উঠাও তান।
অজ্ঞান-তমঃ নাশিয়া জননি!
জ্ঞানের আলোকে মাতাও প্রাণ॥

নিদ্রিত যত ভারত তনয়ে,
জাগাও জননি! জাগাও আজ।
ভারতের বাণি! ভারতের বাণি!
ভারতে ভারতি! এস গো আজ॥

## অদ্ভুতকর্ম্মা প্রফেসার।

—০—

"মোহম্মদী"তে প্রকাশ গত ২২শে ডিসেম্বর ইন্দ্রজালবীর প্রফেসার মোহাম্মদ ফজলে বারী ছাহেব কাটিহার হইতে ই, বি, আর, এর ইণ্টারক্লাশে গোদাগাড়ী আসিতেছিলেন পথিমধ্যে করিয়ালী নামক ষ্টেশনে তিন জন টিকিট কালেক্টর আসিয়া তাঁহাকে টিকিট দেখাইতে বলেন। তদুত্তরে তিনি ইংরাজী ভাষায় টিকিট নাই বলেন। তখন অতিরিক্ত ভাড়া দিতে হইবে বলিয়া টিকিট কালেক্টর একটা অন্যায় কথা বলেন। তাহা শ্রবণে তিনি প্রতিবাদ করেন এবং বলেন, চার্জ্জ করেন তাহাতে ক্ষতি নাই এবং গোদাগাড়ীর একখানি টিকিট আনিয়া দিতে, তিনি অনুরোধ করেন ও দাম দিতে চান। তখন ট্রেণ ছাড়িবার ঘণ্টা পড়িয়াছিল। ষ্টেশন মাষ্টার যতীশচন্দ্র নন্দী মহাশয় বুকিং অফিসে গিয়া দেখেন ষ্টেশনে ফাষ্ট, সেকেণ্ড, ইণ্টার ও থার্ড কোণ শ্রেণীরই টিকিট নাই। একি ব্যাপার হতবুদ্ধি হইয়া টিকিট কালেক্টর মহোদয়গণ ও ষ্টেশন মাষ্টার মহাশয় তখন কি করিবেন কোনও উপায় খুঁজিয়া পাইলেন না। তখন মিঃ বারী ব্যস্ততার সহিত বলেন, টিকিট দেন, টিকিট দেন। টিকিটের পরিবর্ত্তে যখন তাহাকে পয়সা ফিরাইয়া দেওয়া হইতেছিল তখন তিনি বলিলেন, আমার নাম ইন্দ্রজালবীর প্রফেসার বারী। এবার গিয়া দেখুন, টিকিট আছে। সকলে গিয়া দেখিলেন যেমন ছিল তেমনই আছে! সেখানে ট্রেণ-ছাড়িতে ১০ মিনিট দেরী হইয়াছিল।

উক্ত ইন্দ্রজালবীর আমাদের এখানে আসিয়া ৩।৪ দিন ম্যাজিক দেখাইয়া দর্শকবৃন্দকে মোহিত করিয়াছিলেন। আমরা তাঁহার উন্নতি কামনা করি। জং সং

## বিবিধ সংবাদ।

আফগানীস্থান সংবাদ। পত্রান্তরে প্রকাশ—আফগানীস্থান হইতে যে সংবাদ আসিতেছে তাহাতে মনে হয় ভূতপূর্ব্ব আমীর আমানুল্লার সৌভাগ্যরবি আশু পুনরুদিত হইবে। ইনায়েত উল্লা ও আমানুল্লা দুই ভাই কান্দাহারে মিলিত হইয়াছেন; বোধ হয় তাঁহাদের বৃদ্ধা মাতা পারিবারিক মনোমালিন্য দূর করিতে প্রয়াস পাইতেছেন।

পার্ব্বত্য জাতিগণ আমানুল্লার সাহায্যার্থে অগ্রসর হইয়াছে। ইরাকজাইয়ের হাজীর নেতৃত্বে ৫০ হাজার সশস্ত্র লোক নাকি আমানুল্লার পক্ষ অবলম্বন করিয়াছে। জেনেরেল নাদির খাঁ মস্কো হইতে কান্দাহারে আমানুল্লার সহিত মিলিত হইয়াছেন।

এদিকে বাচ্চাই সাকো ওরফে হবিবুল্লা গাজী দিন দিন হৃতবল হইতেছে; কাবুল ও তাহার চারিদিকে কিছুদূর পর্য্যন্ত মাত্র নাকি তাহার প্রভুত্ব। সে হিন্দুদের উপর অত্যাচার আরম্ভ করিয়াছে। মন্ত্রীসভা গঠনে অসমর্থ হওয়াতে সে কাবুলের জেল ভাঙ্গিয়া বহু কয়েদীকে মুক্তি দিয়াছে এবং দুইজন দাগী আসামীকে মন্ত্রীত্বে বরণ করিয়াছে।

কাবুলের অবস্থা শোচনীয়। খাদ্য দ্রব্য ও কয়লা ইত্যাদি নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য অসম্ভব বৃদ্ধি পাইয়াছে। এই নিদারুণ শীতে অধিবাসীবৃন্দ নিদারুণ কষ্ট ভোগ করিতেছে।

—

লাঙ্কাশায়ারের নব উদ্যম। লাঙ্কাশায়ার কটন কর্পোরেশন নামক বিলাতে একটী বিরাট ব্যবসায়ী মণ্ডলী গঠিত হইয়াছে। ইহার মূলধন ১০ কোটী পাউণ্ড। আরও নূতন কোম্পানী ইহার সহিত মিলিত হওয়ার সঙ্গে সঙ্গে মূলধনও বাড়িয়া যাইবে। বৎসর শেষ হইবার পূর্ব্বেই ৭০।৮০ লক্ষ চরকা ও বহু সংখ্যক তাঁত এই কোম্পানী যোগাড় করিয়া ফেলিবার আশা করিতেছে।

কতকগুলি বড় বড় লোক এই কোম্পানীর ডিরেক্টর হইয়াছেন এবং ইংলণ্ডের ব্যাঙ্ক ইহাকে সাহায্য করিবে। এই কোম্পানীর উদ্দেশ্য ভারতে ও জাপানে বস্ত্র ব্যবসায়ে প্রতিযোগিতা করা; তা ছাড়া যুদ্ধের পর হইতে ব্যবসায়ে যেটুকু মন্দা পড়িয়াছে, তাহা উদ্ধার এবং চীনে ব্যবসায়ে যাহা ক্ষতি হইয়াছে তাহা পূরণও এই কোম্পানীর অন্যতম উদ্দেশ্য।

বিলাতের কাপড়ের কলগুলির অবস্থা শোচনীয় হইয়া উঠিতেছিল। তাহারই ফলে এই বিরাট উদ্যোগ। আমাদের দেশের কলগুলির অবস্থাও বিশেষ ভাল নয়; বিলাতের এই উদ্যোগের বিরুদ্ধে সাবধানতা অবলম্বনের চেষ্টা এখন হইতেই আরম্ভ করা কর্ত্তব্য।

—

নবদ্বীপে নারী নিগ্রহ। মাননীয় কাশিমবাজার মহারাজার নবদ্বীপস্থ বৈষ্ণব দর্শন টোলের অস্থায়ী অধ্যাপক ভক্তিতীর্থ উপাধিভূষিত শ্রীসুরেন্দ্রনাথ শিকদার কোন সম্ভ্রান্ত ভদ্রমহিলাকে ভুলাইয়া লইয়া গিয়াছেন বলিয়া ফৌজদারী আদালতে উক্ত মহিলার স্বামী অভিযোগ উপস্থিত করিয়াছেন। পুলিশের সাহায্যে ভদ্রমহিলাকে উদ্ধার করা হইয়াছে। আসামী পলাতক, ওয়ারেণ্ট বাহির হইয়াছে।

—

### চিত্রগুপ্তের খতিয়ান।

জঙ্গিপুর মিউনিসিপালিটীর এলাকায় গত ২।২।২৯ তারিখে যে সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহে জন্ম ৮। ৪ পুরুষ, ৪ স্ত্রী। মৃত্যু ২, ১ পুরুষ, ১ স্ত্রী, উভয়েই জ্বরে।

—

বিলাতী পণ্য বর্জ্জন। হাওড়া টাউন হলে মিউনিসিপালিটীর চেয়ারম্যান শ্রীযুক্ত বরদাপ্রসাদ পাইনের সভাপতিত্বে এক সভায় জনসাধারণকে সাইমন কমিশন নিয়োগ দ্বারা ভারতের অবমাননার উত্তর স্বরূপ বিলাতী পণ্যবর্জ্জন আন্দোলন চালাইতে অনুরোধ করা হয়।

—

কাসেম আলি বেকসুর খালাস। জঙ্গিপুরের সাবডেপুটী ম্যাজিষ্ট্রেট সেনপাড়ার শরৎবালা দাসীর গরু ও লাঙ্গল চুরির অভিযোগে কাসেম আলি সেখ ও যতীন্দ্র মণ্ডলের প্রত্যেককে ৬ মাস সশ্রম কারাদণ্ড ও ১০০৲ টাকা জরিমানা করেন। আসামীগণ জেলার ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুরের আদালতে আপীল করেন। আপীলে আসামীগণ বেকসুর খালাস পাইয়াছেন।

—

পুলিশ কর্ম্মচারীর কর্ত্তব্যনিষ্ঠা। কোন এক চুরির ব্যাপারে সংশ্লিষ্ট থাকার অপরাধে একজন পুলিশ কর্ম্মচারী নিজের ছেলেকে গ্রেপ্তার করিতে বাধ্য হয়। তিনি ছেলের হাতে শিকল পরাইয়া দিতেছেন এমন সময় ছেলে হাত ছাড়াইয়া পিতাকে আক্রমণ করে। পিতা তখন কর্ত্তব্যের খাতিরে ছেলেকে লক্ষ্য করিয়া রিভলবার ছোড়ে। পুত্রের বাঁচিবার আশা কম।

—

হিন্দু বিশ্ববিদ্যালয়। কাশী হিন্দু বিশ্ববিদ্যালয়ের আয়ুর্ব্বেদের ফেকাল্‌টি প্রতিষ্ঠা হইতেছে। ভারত বিখ্যাত কবিরাজ মহামহোপাধ্যায় গণনাথ সেন সরস্বতীকে উহার সভাপতি নির্ব্বাচিত করা হইয়াছে।

—

পাবনায় ডাকাইতী। পাবনার নিকটবর্ত্তী চর তারাপুর গ্রামে কাজীমুদ্দিন বিশ্বাসের বাড়ীতে এক ডাকাইতী হইয়া গিয়াছে। প্রকাশ দুর্ব্বৃত্তগণ কাজিমুদ্দিকে শ্বাসরোধ করিয়া হত্যা করিয়া নগদ প্রায় ৭২ হাজার টাকা মূল্যের দ্রব্যাদি লইয়া প্রস্থান করে। পুলিশ মদন প্রামাণিক নামক এক ব্যক্তিকে সন্দেহবশতঃ গ্রেপ্তার করিয়াছে।

—

নবাব পুত্রের বিপদ। নবাব আলি নবাব চৌধুরীর পুত্র। মহম্মদ নবাব চৌধুরী ও তাহার জনৈক ভৃত্য একটা মুসলমান বালিকার উপর পাশবিক অত্যাচার করিয়াছে বলিয়া ত্রিপুরার সেসন জজের এজলাসে অভিযুক্ত হইয়াছে। তাহাদিগকে জামিনে ছাড়িয়া দিবার জন্য হাইকোর্টে এক আবেদন করা হইয়াছিল। এই আবেদন সম্পর্কীয় শুনানী হইয়া গিয়াছে। তাহাদিগের আপীল না-মঞ্জুর হইয়াছে।

## গিনি পুরস্কার।

### বর্ণ বিন্যাস প্রতিযোগিতা (নং ৩)

**প্রবেশ ফিঃ মাত্র ।০ চারি আনা।**

একজনে যতগুলি ইচ্ছা উত্তর পাঠাইতে পারেন। কিন্তু প্রত্যেক উত্তর পত্রের সহিত ।০ চারি আনার ৴৫ এক পয়সা মূল্যের ১৬ খানা ডাক টিকিট পাঠাইতে হইবে। যদি মনিঅর্ডার বা রেজিষ্ট্রারী ডাকে পাঠান হয় রসিদ পাইবেন। প্রতিমাসেই এরূপ প্রতিযোগিতা করিবার সুযোগ পাইবেন।

উত্তর করিবার নিদর্শন।

| প্রশ্ন। | উত্তর। |
|---|---|
| 1. AFIRY. | 1. FAIRY. |
| 2. ADEGHRTU. | 2. DAUGHTER. |
| 3. ACIMRRSY. | 3. MISCARRY. |

### প্রশ্ন।

(যাহার উত্তর পাঠাইতে হইবে।)

1. AAECDYM.
2. IIABDLLSR.
3. EEECCDNR.
4. OIIACRYDTN.
5. IEEERNTMPX.
6. UIESSRF.
7. AEUGNLTT.
8. IAACDHNP.
9. EIOOGLMNRTY.
10. IEDGR.

### নিয়মাবলী :—

☞ আগামী ২৮শে মাঘ হইতে ২৩শে ফাল্গুন পর্য্যন্ত উত্তর পত্র গৃহীত হইবে।

১। উত্তর কাগজের এক পৃষ্ঠায় লিখিতে হইবে।

২। প্রত্যেক উত্তর পত্রের মাথায় ("বর্ণ বিন্যাস প্রতিযোগিতা" নং ৩) লিখিতে হইবে।

৩। প্রত্যেক উত্তর পত্রের সহিত প্রবেশ ফিঃ ।০ চারি আনার ৴৫ এক পয়সা মূল্যের ১৬ খানা ডাক টিকিট পাঠাইতে হইবে। প্রবেশ ফিঃ ভিন্ন উত্তর পত্র গৃহীত হইবে না।

৪। ১৩৩৫ সালের ২৩শে ফাল্গুনের মধ্যে উত্তর আমাদের কার্য্যালয়ে পৌঁছান আবশ্যক। তৎপরে কোন উত্তর গ্রাহ্য নহে।

৫। যিনি সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যক প্রশ্নের ঠিক উত্তর দিতে পারিবেন তিনি একখানি গিনি পুরস্কার পাইবেন। যিনি দ্বিতীয় স্থান অধিকার করিবেন তিনি ১টী Ansonia Bee Time-Piece (এ্যানসোনিয়া বি টাইম-পিস ঘড়ি) পুরস্কার পাইবেন। যিনি তৃতীয় স্থান অধিকার করিবেন তিনি একখানি ইংরাজী ডিক্‌সনারী পুরস্কার পাইবেন। যাঁহারা ৪র্থ হইতে ১৫শ স্থান অধিকার করিবেন তাঁহাদের প্রত্যেকে নিজ নিজ নাম ও ঠিকানা ছাপান কার্ড ২৫ খানা করিয়া পাইবেন।

৬। ২৩শে ফাল্গুন ইংরাজী ৭ই মার্চ্চ উত্তরের কাগজগুলি পরীক্ষিত হইবে। 'জঙ্গিপুর সংবাদের' সম্পাদকের মীমাংসা চূড়ান্ত বলিয়া মানিতে হইবে।

৭। দুই বা ততোধিক জনের উত্তর একই হইয়া যদি একস্থান অধিকার করেন তাহা হইলে যাঁহার উত্তর অগ্রে আমাদের অফিসে পৌঁছিয়াছে তিনিই পুরস্কারের যোগ্য বিবেচিত হইবেন। প্রতিযোগিতার ফল চৈত্র মাসের প্রথম সপ্তাহে বাহির হইয়া প্রত্যেকের নিকট প্রেরিত হইবে।

৮। নাম ঠিকানা স্পষ্ট করিয়া লিখিতে হইবে।

উত্তর ও প্রবেশ ফিঃ পাঠাইবার ঠিকানা—

ম্যানেজার জঙ্গিপুর সংবাদ
(প্রতিযোগিতা বিভাগ)
পোঃ রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ।)

আনন্দ সংবাদ! আনন্দ সংবাদ!! আনন্দ সংবাদ!!!

# নূতন সাইকেল ও সরঞ্জামের দোকান।

## এইচ, কে, মুখার্জ্জী

ষ্টোন কোয়ারী হোণ্ডার সাইকেল মারচেণ্ট ইম্পোর্টার ও এক্সপোর্টার
হরিণডাঙ্গা বাজার (ষ্টেশনের সন্নিকট।)

পাকুড় (ই, আই, আর, লুপ লাইন)

এইখানে সকল রকম বি, এস, এ, র‍্যালে, হারকিউলিস, হাম্বার সাইকেল, পার্টস্ ও সরঞ্জাম, টায়ার, টিউব প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়।
কলিকাতা হইতে সাইকেল ভি, পিতে না লইয়া
এখানে আসিয়া স্বয়ং নিজ চক্ষে দেখিয়া
পছন্দ মাফিক জিনিষ কলিকাতা
হইতে আনার অপেক্ষা

**অনেক কম খরচে লইয়া যাউন।**

## নিউ সেলুলয়েড


### মডেল ডি লুক্স সাইকেল।

হ্যাণ্ডেলবার, হাপ, ব্রেক, পেডালের অংশ যাহা মরিচা ধরিয়া শীঘ্র খারাপ হইয়া যায় সে সব অংশে নিকেলের উপর সেলুলয়েড দিয়া মোড়া। মফঃস্বলের রাস্তার পক্ষে সম্পূর্ণ উপযুক্ত। ১নং ৮৫৲ ২নং ৮০৲ ৩নং ৭৫৲ ৪নং ৭২৲ মাত্র। অন্যান্য সাইকেল ৫০৲ হইতে তদূর্দ্ধ। দোকানদার ও সাইকেল মেরামতকারীদিগকে পাইকারী দরে মাল দেওয়া হয়। এখানে সকল সাইকেল, ষ্টোভ, গ্রামোফোন, পাঞ্চলাইট, হারমোনিয়ম প্রভৃতি মেরামত ও ষ্টোভে রং করিবার কারখানা সুদক্ষ মিস্ত্রীর তত্ত্বাবধানে খোলা হইয়াছে।

**মূল্য সুলভ—পরীক্ষা প্রার্থনীয়।**

সঙ্গীত সাধনার যোগ্যতম উপাদান

## গোল্ড মেডেল হারমোনিয়ম



প্রত্যেক পর্দ্দার এক একটী নিখুঁত সুর গায়কের হৃদয়ের আবেগের সঙ্গে মিশে গিয়ে সঙ্গীতকে আরও মধুর করে তোলে, আর সেই সুরে শ্রোতার হৃদয়তন্ত্রী সমভাবে ঝঙ্কৃত হ'য়ে উঠে।

পত্র লিখিলে ক্যাটলগ পাঠান হয়।

**ন্যাশন্যাল হারমোনিয়ম কোং**

৮এ, লালবাজার ষ্ট্রীট, কলিকাতা।

তারের ঠিকানা—'মিউনিসিয়ানস' ফোন—কলিকাতা ৩৯৫৮

## —সুরবল্লী কষায়—

—সুস্বাদু, খেতেও কোন হাঙ্গামা নাই—

### দৌর্ব্বল্য

রুগ্ন ও দুর্ব্বল ব্যক্তিদের জন্য সুরবল্লী কষায় বিশেষ উপযোগী কারণ এই সালসায় এমন সব উপাদান আছে যা'তে স্নায়ু ও মাংসপেশী বলিষ্ঠ ও পরিপুষ্ট হয়। প্রত্যেক শিশির সঙ্গে মাত্রা ও পথ্যাপথ্যের ব্যবস্থা দেওয়া আছে।

### চর্ম্মরোগ

খোস পাঁচড়া চুলকানি ইত্যাদি রোগে দূষিত রক্ত পরিষ্কারের জন্য সালসা ব্যবস্থা হ'লে সুরবল্লী কষায় ব্যবহার করবেন। এই সালসা সম্পূর্ণ দেশীয় উপাদানে প্রত্যেক দিন আমাদের ঔষধালয়ে প্রস্তুত হয়।

**সুরবল্লী কষায়**
সব ডাক্তারখানায় পাওয়া যায়।
এক শিশি ১॥০ টাকা
তিন শিশি ৩৸০ আনা
ডাকমাশুল স্বতন্ত্র।

**সি, কে, সেন এণ্ড কোং লিঃ,**
২৯, কলুটোলা,
কলিকাতা।

## 'সত্যের জয়'

# "মোহিনী"

### বিড়ির নকল হাইকোর্টের বিচারে বন্ধ হইল

বর্ত্তমান সমন্বয়ের যুগে, জনসাধারণ ব্যক্তি বা বস্তু বিশেষের আদর করেন না; গুণেরই সমাদর করিয়া থাকেন। বিড়ী অনেকেই প্রস্তুত করিয়া বাজারে চালাইতেছেন, কিন্তু ভারতবর্ষের প্রতি নগরে বা সুদূর পল্লীতে "মোহিনী" বিড়ীর ন্যায় সমাদর আর কোন বিড়ী এ পর্য্যন্ত লাভ করে নাই। ইহার কারণ মোহিনী বিড়ীর ন্যায় সুন্দর সুস্বাদু ও স্বাস্থ্যকর বিড়ী আর নাই। দরিদ্র বা অশিক্ষিত লোকের ত কথাই নাই, এই বিড়ী ধনী, শিক্ষিত যুবক, বৃদ্ধ সকলেরই অতি আদরের সামগ্রী এবং সকলেই বিলাতী সিগারেট ফেলিয়া ব্যবহার করিয়া থাকেন। মোহিনী বিড়ীর অসাধারণ বিক্রয়াধিক্য দেখিয়া প্রতারকগণ আমাদের মোহিনী লেবেল নকল করিয়া অতি নিকৃষ্ট বিড়ীতে লাগাইয়া মোহিনী নামে কলঙ্কারোপ এবং সাধারণের স্বাস্থ্যের এবং আমাদের স্বার্থের সমূহ ক্ষতি করিতেছিল। সহৃদয় গ্রাহকগণ এ বিষয়ে আমাদের মনোযোগ আকর্ষণ করায় অনন্যোপায় হইয়া নকলকারী ভাইলাল ভিকাভাই এণ্ড কোং এবং রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোম্পানীর) বিরুদ্ধে আমরা আইনের আশ্রয় গ্রহণ করিয়াছিলাম। শ্রীভগবানের কৃপায় এবং মহামান্য হাইকোর্টের সুবিচারে সম্পূর্ণরূপে সপ্রমাণিত হইয়াছে যে আমরাই মোহিনী বিড়ীর একমাত্র প্রস্তুতকারক এবং স্বত্বাধিকারী। উক্ত ভাইলাল ভিকাভাই এণ্ড কোং ও রোমজান আলীর (ভোলামিঞা এণ্ড কোং'র) প্রতি মহামান্য হাইকোর্ট হইতে এরূপ চিরস্থায়ী নিষেধাজ্ঞা (Permanent injunction) প্রচারিত হইয়াছে যে যদি উহাদের কেহ আমাদের মোহিনী বিড়ীর লেবেলের অনুকরণ বা নকল লেবেল দিয়া কোন বিড়ী বাজারে প্রচলন করে তাহা হইলে আইনানুসারে দণ্ডনীয় হইবে। সুতরাং সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে যদি কেহ আমাদের মোহিনী বিড়ী লেবেলের কোনও নকল লেবেল ব্যবহার করেন—তাহাতে মোহিনী নাম, মোহিনী লেবেলের ছবি কিম্বা ২৪৭ নম্বর একক বা একসঙ্গে বা অন্য কোনও কথা, অক্ষর বা নম্বরের সহিত থাকুক বা না থাকুক—তিনিই আইনানুসারে দণ্ডনীয় হইবেন।

সহৃদয় গ্রাহকগণ ক্রয়কালীন মোহিনী লেবেল, ২৪৭নং এবং আমাদের নাম দেখিবা লইবেন। সন্দেহ হইলে দয়া করিয়া জানাইলে বিশেষ বাধিত হইব এবং নকল লেবেল ধরাইয়া দিলে বিশেষ পুরস্কৃত করিব। নিকটস্থ কোনও দোকানে যদি মোহিনী বিড়ী না পান আমাদিগকে জানাইলে মোহিনী বিড়ী সরবরাহের সুবন্দোবস্ত করিয়া দিব।

বিনয়াবনত—

**মুলজি সিক্কা এণ্ড কোং**

হেড আফিস:—৫১নং এজরা ষ্ট্রীট, কলিকাতা।

ফ্যাক্টরী:—মোহিনী বিড়ী ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি,)

বিনা মূল্যে! বিনা মূল্যে !! বিনা মূল্যে !!!

## শ্বেতকুষ্ঠ (ধবল)



আমাদিগের আফিসে আসিয়া দেখাইলে বিনা মূল্যে শ্বেত কুষ্ঠের একটী ছোট সাদা দাগ আরাম করিয়া দেওয়া হয়। ।॰ চারি আনা পাঠাইলে নমুনা স্বরূপ ঔষধ ডাকযোগে পাঠান হয়। মূল্য ছোট শিশি ২৲ টাকা। বড় শিশি ৩৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।/॰ পাঁচ আনা।

গলিত কুষ্ঠের রোগীকেও পত্রের দ্বারা আরোগ্য করা হয়।

## জ্বরের জন্য সুমিষ্ট ঔষধ।



অতি সুমিষ্ট। অতিশীঘ্র জ্বর আরোগ্য হয় এবং বলবৃদ্ধি করে।

### সুমিষ্ট প্রাণসঞ্জীবনী।

এক দিনেই সর্ব্ব প্রকার জ্বর আরোগ্য করিয়া দেহে বলবৃদ্ধি করে এবং ক্ষুধা বৃদ্ধি ও দাস্ত পরিষ্কার পূর্ব্বক সাত দিনের মধ্যে শরীরে বল ও স্ফূর্ত্তি আনয়ন করে। ৭ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ॥/॰ আনা। ১৬ দিন ব্যবহারোপযোগী ঔষধের মূল্য ১৲ টাকা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।/॰ আনা।



## বৃদ্ধ কেন?



### রাজবৈদ্য চুলের কলপ।

লাগাইলে সাদা চুল ঘোর কাল, মসৃণ ও চিক্কণ হয় এবং অনেক দিন পর্য্যন্ত ভ্রমরের ন্যায় কাল থাকে। মূল্য বড় শিশি ১৵॰ টাকা। ছোট শিশি ॥৵॰ আনা। ডাকমাশুল ১ হইতে ৩ শিশি ।৵॰ আনা। চারি আনা পাঠাইলে নমুনার শিশি বিনা খরচে পাঠান হয়।

**রাজবৈদ্য শ্রীবামনদাসজী কবিরাজ।**

১৫২, হারিসন রোড, বড়বাজার, কলিকাতা।

তার পাঠাইবার ঠিকানা—"রাজবৈদ্য", কলিকাতা।





# THE NEW FORD.

## নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডোমিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

**দাম—২৪৫০৲ টাকা।** কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেণ্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

**বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।**

খাগড়া পোঃ (মুর্শিদাবাদ)

---

## বিশুদ্ধ বাদাম তৈল

এই বাদাম তৈলে কোন প্রকার খনিজ তৈল (হোয়াইট অয়েল) মিশ্রিত নাই। যত প্রকার বাদাম তৈল বাজারে চলিতেছে তার মধ্যে আমাদের বাদাম তৈল সর্ব্বাপেক্ষা উত্তম। প্রত্যেক শিশি ও বোতলের গায়ে লাল লেবেলে ৫০০৲ টাকা পুরস্কার দেওয়া আছে। কেহ আমাদের বাদাম তৈলে ভ্যাজাল বাহির করিতে পারিলে ঐ টাকা পুরস্কার দেওয়া হবে। ক্রয়কালিন আমার নামযুক্ত লেবেল দেখিয়া লইবেন।

**ডি, এন, ভট্টাচার্য্য এণ্ড সন্স**

৩১।৩৩ মুর্গিহাটা, কলিকাতা।

---

শতপুটের

## লৌহ ও অভ্রভস্ম

/।॰ পোয়া ২৲ টাকা।

অজীর্ণে—ভাস্কর লবণ /৵॰ পোয়া ৸॰ আনা। মহাশঙ্খবটী ৫০ বটী ॥॰ আনা, রামবাণ ১০০ বটী ৸॰ আনা।

ধাতুদৌর্ব্বল্যে—মদনানন্দমোদক /।॰ পোয়া ১৲, বৃহৎ চন্দ্রোদয় মকরধ্বজ ৭ বটী ৸॰ আনা।

কাসে—চন্দ্রামৃতরস ৫০ বটী ১॥॰ টাকা, চ্যবনপ্রাশ /১ সের ৩৲ টাকা।

ঠিকানাঃ—

**কবিরাজ শ্রীসতীশচন্দ্র সেন কবিভূষণ**

গঙ্গাধর নিকেতন, মালদহ।

---

## গহনার দোকান।

আমরা সর্ব্বপ্রকার চাঁদি ও সোণার গহণা অল্প মজুরীতে সত্বর তৈয়ার করিয়া দিতেছি। ৺পূজা আসিতেছে এ সময়ে যাঁহারা গহনা তৈয়ার করাইবেন তাঁহারা আমাদের দোকানে আসিতে ভুলিবেন না। নির্দ্দিষ্ট সময়ে কাজ দিয়া থাকি ইহাই আমাদের বিশেষত্ব। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীঅশ্বিনীকুমার দাস, রঘুনাথগঞ্জ।

গাঁজার দোকানের পার্শ্বে।

---


বসাকের "তেষ্টার জল—চেষ্টার ফল"

## বসাক ও কহিনূর ট্রাঙ্ক।

যাহা সমগ্র ভারতে কেহ পারিল না, বসাক তাহা সাধন করিয়াছে। কেবল এই ট্রাঙ্কগুলি নহে, এই সমস্ত **ট্রাঙ্ক প্রস্তুতের মেসিনগুলি** পর্য্যন্ত বসাকের নিজ উদ্ভাবিত এবং নিজ কারখানায় প্রস্তুত।

ইহাদের ডালার উপরে তিন অঙ্গুলি অন্তর যে সকল আধ গোলা ডাঁসা আছে, উহাদের প্রত্যেকটী আধ মণ ওজনেরও বেশী ভার সহিতে পারে। আবার সমস্ত গায়ে তলা পর্য্যন্ত ঘন ঘন "চুরি" তোলা।

তুলনায় ইহার মত দেখিতে সুন্দর, মজবুত ও সস্তা ট্রাঙ্ক আর নাই।



কহিনুর ১নং ট্রাঙ্ক।

**বসাক ফ্যাক্টরী, ৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা।**

টেলিগ্রাফের ঠিকানা—"সিন্‌কোনা" কলিকাতা।

ফোন নং ২১৮৩, বড়বাজার।

---

## ইকনমিক ফার্ম্মেসী

হোমিওপ্যাথিক ঔষধ

ড্রাম /৫, /১০

পোষ্টবক্স—৬৪৩] [টেলিগ্রাম—সিমিলিকিওর

চিকিৎসার বাক্স—১২, ২৪, ৩০, ৪৮, ৬০, ৮৪, এবং ১০৪ শিশি ঔষধ। একখানি গৃহ চিকিৎসার পুস্তক ও ফোঁটা ফেলা যন্ত্রসহ মূল্য যথাক্রমে ২৲, ৩৲, ৩॥॰, ৫।॰, ৬।৵॰, ৮৸৵॰, ১০৸৵॰। ইংরাজী বাঙ্গলা পুস্তক, সুগার অফ্ মিল্ক, গ্লোবিউল, শিশি, কর্ক, থার্ম্মোমিটার ইত্যাদি সুলভ।

**এম, ভট্টাচার্য্য এণ্ড কোং**

৮৪ নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

